# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২০-৪১৩

তারিখঃ ২১-০৮-১৪২৯ বঃ
০৬-১২-২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

যেহেতু, জনাব কায়েস মন্ডল, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর এর বিরুদ্ধে চাকরিতে অনলাইনে আবেদন, প্রবেশপত্র ও নিয়োগপত্রে মুদ্রিত ছবির সাথে তার বর্তমানে সরবরাহকৃত ছবি এবং অবয়বের মিল খুঁজে না পাওয়া, তার চাকরি প্রাপ্তির আবেদন পত্রে প্রদত্ত স্বাক্ষর এবং বর্তমানে তার স্বাক্ষরের মধ্যে মিল খুঁজে না পাওয়া সংক্রান্ত অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও ৪৮(চ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা ও প্রতারণার অপরাধে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১)(খ) অনুযায়ী তার উপর যে কোন দন্ড আরোপের অবতারণা হয়।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দন্ড কেন তার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২০-৪০ তারিখ ২৪-০১-২০২২ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য বলা হয়। সে প্রেক্ষিতে তিনি বিগত ১০-০২-২০২২ খ্রিঃ তারিখে জবাব দাখিল করেন।

৩। যেহেতু, জনাব কায়েস মন্ডল, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর বিরুদ্ধে উপরোক্ত অভিযোগে অভিযোগনামা আনয়নপূর্বক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২০-৪০ তারিখ ২৪-০১-২০২২ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন। অতঃপর সূচিত কার্যধারায় আনীত অভিযোগ এবং অভিযোগের প্রেক্ষিতে তার দাখিলকৃত জবাব তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২০-৯০ তারিখ ২০-০৩-২০২২ খ্রিঃ এর মাধ্যমে আনীত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব কায়েস মন্ডল, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক তার উপর বোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার উপর তার যোগদানের তারিখ অর্থাৎ ১৬-১০-২০১৯ খ্রিঃ তারিখ থেকে বোর্ডের চাকরি হতে বরখাস্ত দন্ড কেন চূড়ান্তভাবে আরোপ করা হবে না, এ বিষয়ে প্রবিধানমালার প্রবিধান-৫২ এর উপ-প্রবিধান ৫২(৫) ও ৫২(৬) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করতঃ ০৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য অত্র দপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২০-৩৬৫ তারিখ ২৭-১০-২০২২ খ্রিঃ মোতাবেক তার স্থায়ী ঠিকানায় ও দাপ্তরিক ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন।

৫। যেহেতু, জনাব কায়েস মন্ডল, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর দাখিলকৃত কারণ দর্শানোর জবাব কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং তার বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহের সম্পর্কে নতুন কোন তথ্য প্রদান না করায় অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাকরিতে যোগদানের তারিখ অর্থাৎ ১৬-১০-২০১৯ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়।

৬। সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব কায়েস মন্ডল, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুরকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাকরিতে যোগদানের তারিখ অর্থাৎ ১৬-১০-২০১৯ খ্রিঃ তারিখ থেকে বোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৭। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

(ওবায়দুল ইসলাম)
পরিচালক (অ:দা:)
পরিচিতি নম্বরঃ ৬৭০২০১০০৩

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২০-৪১৩(১১)

তারিখঃ ২১-০৮-১৪২৯ বঃ
০৬-১২-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। সচিব, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, কর্মচারী/হিসাব/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। অত্র দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। সিএসও টু, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর।
৯। হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, বরিশাল।
১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রঃ), বাপাউবো, ঢাকা।
১১। (ক) জনাব কায়েস মন্ডল, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর।
(খ) জনাব কায়েস মন্ডল, পিতা-কামাল মন্ডল, গ্রাম: খোদাবাসপুর, ডাকঘর: কোরকদি, উপজেলা: মধুখালী, জেলা: ফরিদপুর।

06/12/2022
(মোঃ নোমান ফরিদ)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

6/12/22